দৈনিক বাংলা

তারিখ 09 AUG 1991
পৃষ্ঠা ১ কলাম ১

(১)

### পরিস্থিতি নিয়ে সংসদে আলোচনা

# চট্টগ্রাম ভার্সিটি ভিসি'র সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে ঃ বি চৌধুরী

।। বিশেষ সংবাদদাতা ।।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে গতকাল আবার কথা উঠেছিল জাতীয় সংসদে। গত এক সপ্তাহ ধরে ইসলামী ছাত্র শিবির কর্মীদের হাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের জিম্মি হয়ে থাকার কথা উল্লেখ করে আওয়ামী লীগের জনাব তোফায়েল আহমদ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন এবং ভাইস চ্যান্সেলরকে উদ্ধারের জন্য কি ব্যবস্থা নেয়া হয়েছে তা জানতে চান।

শিক্ষামন্ত্রী ডাঃ বদরুদ্দোজা চৌধুরী এ সম্পর্কে বলেন ঃ কিছু সংখ্যক শিবির কর্মী ভাইস চ্যান্সেলরের বাড়িতে অবস্থান করছে। তারা তাঁর টেলিফোন সংযোগ কেটে দিয়েছে। তবে বিদ্যুৎ, পানি, গ্যাস সংযোগ আছে। তিনি বলেন ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে ভাইস চ্যান্সেলরের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তাঁকে বের করে আনার জন্য বল প্রয়োগ করা হবে কিনা সে ব্যাপারে তার পরামর্শ চাওয়া হয়েছে। কিন্তু তিনি বল প্রয়োগের বিরোধীতা করে বলেছেন এর প্রয়োজন নেই। আপাততঃ তাঁর কোন অসুবিধা নেই বলেও তিনি জানিয়েছেন। শিক্ষামন্ত্রী বলেন ঃ ভাইস চ্যান্সেলর অনুমতি দিলেই বল প্রয়োগ করে তাকে উদ্ধার করা হবে। পরিস্থিতি সম্পর্কে তার সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে বলেও তিনি জানান।

বিষয়টির ওপর বাকশালের জনাব মহিউদ্দিন আহমদ, আবদুর রাজ্জাক, আওয়ামী লীগের শেখ ফজলুল করিম সেলিম, আখতারউজ্জামান চৌধুরী ও মুজিবুল বাশার, জামায়াতে ইসলামীর এনামুল হক এবং জাতীয় পার্টির ব্যারিস্টার মওদুদ আহমদও বক্তব্য

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

**বি চৌধুরী** (প্রথম পৃষ্ঠার পর)

রাখেন।

জনাব, মহিউদ্দিন ও শেখ সেলিম ভাইস চ্যান্সেলরকে অবরুদ্ধ অবস্থা থেকে উদ্ধারে সরকারের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ করে এ ব্যাপারে কি ব্যবস্থা নেয়া হয়েছে তা জানতে চান। আখতারউজ্জামান চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতিকে অত্যন্ত ভয়াবহ বলে অভিহিত করে বলেন, শিবিরের কর্মীরা ভাইস চ্যান্সেলরের বাড়িকে মিনি সাবজেল ঘোষণা করেছে।

ব্যারিস্টার মওদুদ আহমদ গত আট মাস ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার কথা উল্লেখ করে বলেন ঃ সন্ত্রাস সমাজকে বিশেষ করে শিক্ষাঙ্গনকে গ্রাস করে ফেলেছে। সন্ত্রাস একটি রাজনৈতিক সমস্যা। রাজনৈতিক দলগুলিই এঁর সমাধান করতে পারে। তিনি বলেন ঃ বিএনপি, আওয়ামী লীগ ও জামায়াতে ইসলামী নেতৃবৃন্দ এ বিষয়ে একসঙ্গে বসলে আজই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতির সমাধান সম্ভব। ব্যারিস্টার মওদুদ এই প্রসঙ্গে বলেন ঃ এখন তো কোন স্বৈরাচার ক্ষমতায় নেই। তবে এখন কোন স্বৈরাচারের পৃষ্ঠপোষকতায় সন্ত্রাস চলছে জাতি তা জানতে চায়।

জামায়াতে ইসলামীর মীর এনামুল হক বলেন ঃ ছাত্রশিবির সন্ত্রাসে বিশ্বাস করে না। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবির কর্মীরা সন্ত্রাস করছে না। তারা গণতান্ত্রিক পন্থায় অবস্থান ধর্মঘট করছে।

4